

# বাড়ির কাজ: শারাহ বোনেল পদ্ধতি একটি পিতামাতা / পরিচর্যাকারী'র নির্দেশিকা

শিক্ষার্থীদের শেখার ক্ষেত্রে বাড়ির কাজের গুরুত্বকে শিক্ষা গবেষণা বারংবার দেখিয়েছে:

'উচ্চ মানের হোমওয়ার্কের ধারাবাহিক ইতিবাচক প্রভাব, যা প্রতি শিক্ষাবর্ষে গড়ে পাঁচ মাসের অতিরিক্ত উন্নতিতে সহায়ক' - জন হ্যাটি, ভিসিবেল লার্নিং ফর টিচার্স (2012)

শারাহ বোনলে, আমরা আপনার মেয়ের বাড়ির কাজকে এমনভাবে তৈরী করি যেটাতে:

- উদ্দেশ্য রয়েছে: শিক্ষক/শিক্ষিকা এবং শিক্ষার্থীদের একত্রে হোমওয়ার্কের লক্ষ্যমাত্রা সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা উচিত
- শিক্ষার্থীদের চয়নে উৎসাহিত করে: যেখানে যথাযথ, একটি হোমওয়ার্ক, টাস্ক বা পদ্ধতি শিক্ষার্থীদের চয়ন করতে দেওয়া হয়।
- কর্মদক্ষতার বিকাশ: হোমওয়ার্ক ব্যবহারযোগ্য, এবং সকল শিক্ষার্থীদের শিক্ষাগ্রহণ প্রসারনে সহায়ক হওয়া উচিত।
- যুক্তিসঙ্গত: গবেষণা দেখায় যে প্রায়শই তৈরী করা, ছোটো টাস্ক শেখার উপর সর্বাধিক প্রভাব ফেলে।
- প্রতিক্রিয়া পায়: শিক্ষার্থীরা তাদের হোমওয়ার্কের উপর নির্দিষ্ট এবং সময়মত প্রতিক্রিয়া পায়।

## তিন ধরনের হোমওয়ার্ক উপলব্ধ

শারাহ বোনেল এ:

1. প্রস্তুতি শ্রেণীকক্ষের কার্যক্রমের উপর যেমন একটি প্রসঙ্গের পটভূমি গবেষণা
2. অর্জিত দক্ষতাকে আরোও ধারালো করতে অ্যাসাইনমেন্ট **অনুশীলন করা** যেমন, নিম্নলিখিত প্রশিক্ষণ প্রণালীর মাধ্যমে গণিত অনুশীলন।
3. প্রকল্প অ্যাসাইনমেন্ট গুলো দীর্ঘমেয়াদের প্রসারিত কাজ যেখানে শিক্ষার্থীরা পূর্ববর্তী শেখাকে প্রয়োগ করে বা শ্রেণীকক্ষে পড়ানোতে দক্ষতার পরিচয় দেয়।

কত বার আমার মেয়েকে হোমওয়ার্ক দেওয়া উচিত?

আমাদের কোনো বিধিবদ্ধ হোমওয়ার্কের সময়সূচি নেই, যেমন একসপ্তাহে পাঠের পুনরাবৃত্তির হার বিষয় ও ইয়ার গ্রুপের মধ্যে পরিবর্তিত হয়। শিক্ষকশিক্ষিকাদের হোমওয়ার্ক তখনই সেট করা উচিত যখন সেটি বিষয় বা প্রসঙ্গের জন্য উপযুক্ত হয়।

একটা সাধারণ নির্দেশিকা হিসেবে, আপনার মেয়ে প্রতিটি পাঠ্যক্রম ক্ষেত্র থেকে প্রতি তিন সপ্তাহের মধ্যে দুই সপ্তাহ হোমওয়ার্ক পাবে বলে আপনি আশা করতে পারেন।

আমি আমার মেয়ের পরিকল্পনা চেক করে কোনো কাজ পাইনি এর অর্থ কি এই যে সে কোনো কাজ পায়নি?

আশা করা যায় শিক্ষার্থীরা প্রদেয় তারিখ সহ তাদের হোমওয়ার্কের রেকর্ড তাদের পরিকল্পকে নথিভুক্ত রাখবে।

যদি আপনার মেয়ের পরিকল্পকের মধ্যে লিখিত বিষয়বস্তু খুব অল্প বলে মনে হয় তবে অনুগ্রহ করে তাকে জিজ্ঞাসা করুন যে সে কী হোমওয়ার্ক পেয়েছে।

যদি আপনার কোনো সংশয় থাকে যে আপনার মেয়ে তার পরিকল্পককে কার্যকরভাবে ব্যবহার করছে না, তবে অনুগ্রহ করে শীঘ্রই তার গৃহশিক্ষকের সাথে যোগাযোগ করুন।

যদি আপনার মেয়ের জন্য তৈরী করা হোমওয়ার্কের ধরণ বা ফ্রিকোয়েন্সি সম্পর্কে আপনার কোনো জিজ্ঞাস্য থাকে তবে অনুগ্রহ করে তার প্রোগ্রেস লিডারের (Progress Leader) সাথে

আমার মেয়ে কি তার হোমওয়ার্ক স্কুলে করতে পারে?

হ্যাঁ! যদি আপনার মেয়ে তার হোমওয়ার্ক স্কুলে করতে চায় তবে জেনে রাখুন যে আমাদের লার্নিং হাব অধিকাংশ দিন বিকাল 5টা অবধি খোলা থাকে।

অধিকাংশ টিফিনের সময় E16 শ্রেণীকক্ষে কম্পিউটার ব্যবহারের সুযোগ থাকে।

আপনার সমর্থন ও উৎসাহ আপনার মেয়ের হোমওয়ার্ক সম্পন্ন করতে একটি মহান প্রভাব ফেলতে পারে।

যেখানে সম্ভব, আমরা পিতামাতাদের/কেয়ারারদের জিজ্ঞাসা করব:

- নিয়মিতভাবে আপনার মেয়ের পরিকল্পক চেক করুন, এবং গৃহশিক্ষকশিক্ষিকাদের সাথে যোগাযোগ স্থাপনের জন্য নোট পেজ ব্যবহার করুন।
- শিক্ষার্থীদের তাদের হোমওয়ার্ক সম্পন্ন করার জন্য একটি শান্ত পরিবেশ তৈরী করুন এবং এই বিষয়ে তাদের উৎসাহিত করুন।
- তৈরী হওয়া হোমওয়ার্কের জন্য প্রদত্ত বিষয়ের প্রকৃতি এবং মান জানতে অনুশীলন পুস্তিকা/ফোল্ডারের দিকে লক্ষ্য করুন।

## শারাহ বোনেল হোমওয়ার্ক অঙ্গীকার

### শিক্ষার্থীদের উচিতঃ

- গর্বিত হওয়াঃ সর্বদা শিক্ষার্থীদের সামর্থ্যের সবটুকু ব্যবহার করে তাদের হোমওয়ার্ক নির্দিষ্ট সময়ের মধ্যে করান।
- লক্ষ্যমাত্রাকে উন্নত করাঃ হোমওয়ার্ক চ্যালেঞ্জিং হওয়ার আশা করো।
- পরিশ্রম করাঃ পরিকল্পকে হোমওয়ার্ক রেকর্ড করো।
- ভালো হওয়াঃ প্রদত্ত হোমওয়ার্ক সম্পর্কে পিতামাতা /কেয়ারারদের অবহিত রাখুন, যখনই সম্ভব তাদের এই বিষয়ে নিযুক্ত করুন কিন্তু তাদের হোমওয়ার্ক করে দেওয়ার অনুমতি দেবেন না।
- কোনো অজুহাত না করাঃ জেনে রাখবেন যে যদি শিক্ষার্থীরা তাদের হোমওয়ার্ক সম্পূর্ণ করতে না পারে তবে শিক্ষক শিক্ষিকারা তাদের আবার হোমওয়ার্ক করার সুযোগ দেবেন।

### শিক্ষকশিক্ষিকাদের উচিতঃ

- এই বিষয়ে নিশ্চিত হোন যে হোমওয়ার্কের একটি উদ্দেশ্য আছে।
- শিক্ষা প্রসারের জন্য হোমওয়ার্ক তৈরী করুন।
- সময়োচিত এবং নির্দিষ্ট মতামত দিন।
- হোমওয়ার্কের উপযুক্তভাবে পার্থক্য নিরূপণ করুন।
- শিক্ষার্থীদের পরিকল্পকে হোমওয়ার্কের রেকর্ড এবং প্রদেয় তারিখের পর্যালোচনা সময় আছে কিনা সেই বিষয়ে নিশ্চিত হন।
- এসবি পদ্ধতি ব্যবহার করে অসমাপ্ত কাজের হিসেব নিন।
- প্রয়োজনে পিতামাতা/কেয়ারারদের সঙ্গে যোগাযোগ করুন।

আমাদের আরও বলুন:

হোমওয়ার্ক সম্পর্কে আপনার মতামত আমাদের কাছে গুরুত্বপূর্ণ, যদি আপনার পক্ষে সম্ভব হয় কিছু সময় নিয়ে প্যারেন্টাল সমীক্ষা সম্পন্ন করুন যাহা QR কোড, ওয়েব লিঙ্কের মাধ্যমে বা ওয়েবসাইটে এবং শারাহ বোনেল অ্যাপের মাধ্যমে ব্যবহারযোগ্য।

<https://goo.gl/forms/fisqjwmaGkEy>



QSN2